

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী :

সভাপতি : রিনা ইসলাম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
তারিখ : ২৪-০১-২০২৩ খ্রি:
সময় : দুপুর ১১:০০ টা হতে দুপুর ১২:৩০ টা।
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভার জানান যে, ১. উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পে ১৮ তম ব্যাচে ফ্যাশান ডিজাইন ও বিউটিফিকেশন ২টি ট্রেডে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষনার্থী নারী রয়েছে এবং প্রশিক্ষণ চলমান আছে। প্রশিক্ষনের পাশাপাশি তাদেরকে বিভিন্ন সচেতনতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ সমাপ্ত করার পর যেন তারা বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে উদ্যোক্তা হতে পারে সে বিষয়ে নারীদেরকে অনুপ্রাণিত করা হয়। ২. মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২ - ২০২৩ অর্থ বছরের সেলাই ট্রেডে ৩য় ব্যাচে ১০ জন প্রশিক্ষনার্থী বাছাই করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম জানুয়ারী/২৩ হতে মার্চ/২৩ চলমান আছে। ৩. ডিডাব্লিউবি কার্যক্রমে ২০২৩-২০২৪ চক্রে ১০টি ইউনিয়নে মোট ১৩৭৩ জন উপকারভোগী বাস্তবায়ন নীতিমামলা অনুযায়ী চূড়ান্ত নির্বাচন করা সহ উপকারভোগীদের মাঝে ডিডাব্লিউবি কার্ড বিতরণ সম্পন্ন করা হয়েছে। প্রত্যেক উপকারভোগীর স্ব স্ব নামে বাংলাদেশ ইসলামী ব্যাংক লি: ও এক্সিম ব্যাংক লি: এ সঞ্চয়ী হিসাব খোলা অব্যাহত আছে। ৪. মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় জুলাই/২২ হতে ১০ টি ইউনিয়নে বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ অনুযায়ী প্রতি মাসে মেদিনীমন্ডল ইউনিয়নে ৭ জন, গাওদিয়া ইউনিয়নে ৬ জন, কনকসার ইউনিয়নে ৬ ও বাকি ৭ টি ইউনিয়নে ৫ জন করে মোট ৫৪ জন উপকারভোগী মাসে মাসে নির্বাচন করতে হবে। নির্দেশনা মোতাবেক নীতিমালার আলোকে ১০টি ইউনিয়নে উপকারভোগী নির্বাচনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।	১. চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। ২. চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। ৩. প্রত্যেক উপকারভোগীর নামে ১০/- টাকার সঞ্চয়ী হিসাব খোলতে হবে। ৪. প্রকৃত উপকারভোগী তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লৌহজং। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্রেড প্রশিক্ষক সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও স্ব-স্ব ব্যাংক কর্মকর্তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, স্থায়ী কমিটির সকল সদস্য ও সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Risam
২৪/১/২৩
(রিনা ইসলাম)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লৌহজং ও
সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ।
তারিখ : ২৪/০১/২০২৩ খ্রি.

স্মারক নং ৩২.০১.৫৯৪৪.০০০.১৬.০০১.২০১৭. ২১৪ (ক)
সদয় অবগতির জন্য অনুলিপি:
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ।
৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।

আরাধনা রানী
২৪/১/২০২৩
আরাধনা রানী কর্মকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও
সদস্য সচিব
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ